"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৬৩.২৩.০১৩.১৮- ৫৪ তারিখঃ ২১ মার্চ,২০১৯খ্রিঃ।

বিষয় : ২৫ মার্চ গণহত্যা দিবস-২০১৯ পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে ২০-০১-২০১৯ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্র : (১)কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭-১৩০, তারিখ : ১০ মার্চ,২০১৮খ্রি:।
(২) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.১৯-০৯, তারিখ: ০৫ মার্চ, ২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসংগে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের মর্মানুযায়ী তাঁর প্রতিষ্ঠানে ''২৫ মার্চ গণহত্যা দিবস-২০১৯ পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ উদযাপন'' এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে অধিদপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক ( ২ পাতা)

২১.৩.২০১৯
(মোঃ মিজানুর রহমান)
অতিরিক্ত-সচিব
ও
পরিচালক (পিআইডব্লিউ)

বিতরণ :

১-৫ । অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ/বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ।

৬-৫৫ । অধ্যক্ষ, সকল পলিটেকনিক ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্রাফিক আর্টস/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।

৫৬-১১৯ । অধ্যক্ষ, সকল টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ,

১২০-১২৩ । আঞ্চলিক পরিদর্শক, আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা।

অনুলিপি :

১-৫ । পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন/পরিঃ ও উন্নঃ/ভোকেশনাল/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৬ । সহকারি সচিব (সমন্বয় শাখা ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।

৭ । ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল (পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৮ । প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

০৯ । মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০ । নথি।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
(সমন্বয় শাখা)
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭.১৩০

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ / ১০ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: ২৫ মার্চ গণহত্যা দিবস-২০১৯ পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে ২০-০১-২০১৯ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্রঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.১৯-০৯, তারিখ: ০৫ ফেব্রুয়ারি, ২০১৯।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত কার্যবিবরণীর ছায়ালিপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। প্রেরিত কার্যবিবরণীতে বিবৃত ২৫ মার্চ গণহত্যা দিবস-২০১৯ পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ উদ্‌যাপন উপলক্ষ্যে এ বিভাগ সংশ্লিষ্ট নিম্নবর্ণিত জাতীয় কর্মসূচি/সিদ্ধান্ত যথাযথভাবে পালন/বাস্তবায়নের লক্ষ্যে তাঁর অধিক্ষেত্রাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো:

সিদ্ধান্তসমূহ:

৭.৩। আগামী ০১-০৩-২০১৯ থেকে ২৫-০৩-২০১৯ পর্যন্ত সুবিধাজনক সময়ে এক বা একাধিক দিনে স্কুল/কলেজ/মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের কণ্ঠে ২৫ মার্চ গণহত্যার স্মৃতিচারণ ও আলোচনা সভার আয়োজন করতে হবে।

৮.৪। ২৬ মার্চ ২০১৯ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে সকল সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে মহান স্বধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিতর্ক প্রতিযোগিতা ও রচনা লেখা প্রতিযোগিতাসহ মহান স্বাধীনতা দিবসের সাথে সঙ্গতিপূর্ণ অনুষ্ঠান করতে হবে। জেলা পর্যায়ে অনুষ্ঠেয় এ সংক্রান্ত সভায়, বিতর্ক প্রতিযোগিতা ও রচনা প্রতিযোগিতার বিষয় নির্ধারণ করবে। ঘোষণাকৃত সাধারণ ছুটির দিনে সকল কর্মকর্তা/কর্মচারীকে রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

৮.৬। সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তলনের ক্ষেত্রে Bangladesh National Anthem. Flag and Emblem Order, 1972 মোতাবেক সঠিক মাপ ও রঙের পতাকা যথাযথভাবে উত্তোলন করতে হবে।

৮.১৮। মুক্তিযুদ্ধের চেতনাকে উজ্জীবিত করার লক্ষ্যে দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে সকালে কুচকাওয়াজ অনুষ্ঠানের আয়োজন করতে হবে। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে সকালে জেলা পর্যায়ে অনুষ্ঠানে অংশগ্রহণের প্রয়োজন হবে না সে সকল শিক্ষা প্রতিষ্ঠান জনসমাবেশ এবং ক্রীড়া অনুষ্ঠানের আয়োজন করতে পারবে।

৮.২৯। সকল শিক্ষা প্রতিষ্ঠানে দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে। ০১ থেকে ২৫ মার্চ পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং স্থানীয় বীর মুক্তিযোদ্ধাদের আমন্ত্রণ জানিয়ে তাঁদের বীরত্বগাঁথামূলক অভিজ্ঞতা/বক্তব্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের শোনানোর ব্যবস্থা করতে হবে।

৮.৩৬। ঢাকার কমলাপুরে অবস্থিত বীরশ্রেষ্ঠ শহীদ মোস্তফা কামাল স্টেডিয়ামে নিজস্ব অর্থায়নে "ফুটবল টুর্নামেন্ট" এর আয়োজন করতে হবে। এছাড়া, জেলা ও উপজেলা পর্যায়ে প্রদর্শনী ফুটবল ম্যাচ/দেশিয় খেলার আয়োজন করতে জবে।

**২৫ মার্চ গণহত্যা দিবস পালন উপলক্ষ্যে ২০১৯ খ্রিস্টাব্দের জাতীয় কর্মসূচি:**

| ক্রম | তারিখ/সময় | কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ০১-০৩-২০১৯ থেকে ২৫-০৩-২০১৯ পর্যন্ত | স্কুল/কলেজ/মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের কণ্ঠে ২৫ মার্চ গণহত্যার স্মৃতিচারণ ও আলোচনা সভা |

অপর পাতা সদয় দ্রষ্টব্য।

E:\All Letters-2.docx

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষে জাতীয় কর্মসূচি:

| | | |
|---|---|---|
| ১০ | ২৬-০৩-২০১৯ | দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে সকালে কুচকাওয়াজ, সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার প্রদান এবং ক্রীড়া অনুষ্ঠান। |
| ১৮ | ০১-০৩-২০১৯ থেকে ২৬-০৩-২০১৯ | খ) জাতীয় পর্যায়ে রচনা ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন<br>গ) সকল শিক্ষা প্রতিষ্ঠানে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন। |
| ২৬ | ০১-০৩-২০১৯ থেকে ২৬-০৩-২০১৯ | গ) জেলা এবং উপজেলা পর্যায়ে প্রদর্শনী ফুটবল ম্যাচ/দেশীয় খেলার আয়োজন। |

সংযুক্তি: বর্ণনামতে।

(এস. এম. হুমায়ূন কবীর)
সহকারী সচিব
মোবা: ০১৭১৬৫১১৩৪৪
jstmed7@gmail.com

বিতরণ জ্যেষ্ঠতাক্রমানুসারে নয়:

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ ইস্কাটন রোড, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।
৫। পরিচালক (যুগ্মসচিব), জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
৬। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট, বোর্ড বাজার, গাজীপুর।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪) অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫) অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬) যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭) অফিস কপি।